তারিখ 06 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# নাসিরনগরে বর্বরতা : রাবিতে ছাত্র ইউনিয়নের মানববন্ধন

**প্রতিনিধি, রাজশাহী বিশ্ববিদ্যালয়**

দেশের বিভিন্ন স্থানে হিন্দু সম্প্রদায়ের ওপর হমলাকারীদের বিচারের দাবিতে মানববন্ধন করেছে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শাখা ছাত্র ইউনিয়ন। গত শনিবার সকালে বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের স্যামনে তারা এ কর্মসূচি পালন করে। এসময় সংগঠনের কর্মীরা 'ধর্ম যার যার, রাষ্ট্র সবার', 'ব্রাহ্মণবাড়িয়ায় সংঘঠিত হামলার বিচার চাই', 'সাম্প্রদায়িক বৈষম্য রুখে দাও', 'অবিলম্বে হামলাকারীদের বিচার করতে হবে' ইত্যাদি লেখা সম্বলিত প্লাকার্ড নিয়ে মানববন্ধনে অংশ নেয়। ছাত্র ইউনিয়নের সভাপতি মিনহাজুল আবেদিনের সঞ্চলনায় মানববন্ধনে বক্তব্য দেন বাংলাদেশ ছাত্র ফেডারেশন রাবি শাখার সাধারণ সম্পাদক তমাশ্রী দাস। এসময় তিনি বলেন, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে সাম্প্রদায়িক হামলা একটি বিচ্ছিন্ন ঘটনা নয়। বর্তমানে দেশের রাজনীতিতে গনতান্ত্রিকতা চর্চা হচ্ছে না; তার নিদর্শন এই সাম্প্রদায়িক হামলা। আজ আমাদের দেওয়ালে পিঠ ঠেকে গেছে। দেশে যখন ঘরে ঘরে গুম-খুন বেড়ে গিয়েছিল তখন স্বরাষ্ট্রমন্ত্রী বলেছিলেন, 'আমরা ঘরে ঘরে গিয়ে নিরাপত্তা দিতে পারবো না'। মেডিকেলের প্রশ্ন ফাঁসের ঘটনায় শিক্ষামন্ত্রী বলেছিলেন তারা এর দায় নেবে না। ফেসবুকে এক যুবকের ধর্মীয় অবমাননাকর পোস্ট দেওয়ার অভিযোগ এনে সরকারের একজন উচ্চপদস্থ মন্ত্রী হিন্দু সম্প্রদায়কে 'মালাউনের বাচ্চা' বলেছেন যা সরকারের এমন দায়িত্বশীল ব্যক্তিদের কাছে আমরা আশা করি না। মানববন্ধনে আরো বক্তব্য দেন, বিপ্লবী ছাত্রমৈত্রীর সভাপতি প্রদীপ মার্ডি, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সদস্য লিটন দাস, বাংলা বিভাগের শিক্ষার্থী হিরণময় কুমার হিরণ প্রমূখ।

উল্লেখ্য, গত ২৮ অক্টোবর নাসিরনগর উপজেলার হরিপুর ইউনিয়নের হরিণবেড় গ্রামের এক যুবকের ফেসবুক অ্যাকাউন্ট থেকে একটি ছবি পোস্ট করা হয় যা মুসলমানদের ধর্মানুভূতিতে আঘতের অভিযোগ ওঠে। এ ঘটনার পর স্থানীয়রা ওই যুবককে ধরে পুলিশে সোপর্দ করে। খবর ছড়িয়ে পড়লে ৩০ অক্টোবর সকাল থেকে নাসিরনগরে হিন্দু সম্প্রদায়ের ওপর সহিংসতা ছড়িয়ে পরে।